গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৬.০৫.০০৫.২১- ৮২৫৭

২৫ কার্তিক, ১৪২৯
তারিখঃ ----------------------
১০ নভেম্বর, ২০২২

বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ-তে অন্তর্ভূক্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত) অর্জনের প্রমাণকসহ উপস্থিতি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৬ আগস্ট, ২০২২ তারিখ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) ও এপিএ টিম লিডার এঁর সভাপতিত্বে এপিএ টিমের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ইতোমধ্যে সংলশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ-তে অন্তর্ভূক্ত সকল সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন এবং লক্ষ্যমাত্রা অর্জনের চেকলিস্ট অনুযায়ী প্রমাণক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যবিবরণী সংযুক্ত)।

এমতাবস্থায়, উল্লিখিত সভার কার্যবিবরণীর প্রমাণক প্রেরণের চেকলিস্ট অনুযায়ী আগামী ১৫ নভেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিতব্য সমন্বয় সভায় বিভাগীয় প্রধানগণ স্ব স্ব বিভাগের ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ-তে অন্তর্ভূক্ত সকল সূচকের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত) অর্জনের প্রমাণকসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রতি ত্রৈমাসিকের অর্জনসহ সকল প্রমাণক নিজ কার্যালয়ে সংরক্ষণের জন্যও অনুরোধ করা হলো।

১০/১১/২০২২
(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) বাস্তবায়নের নিমিত্ত গঠিত এপিএ টীমের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী আবেদ হোসেন<br>পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)। |
| তারিখ | : | ১৬ আগস্ট, ২০২২, সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সভায় উপস্থাপন করেন।

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১৫ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এপিএএমএস সফটওয়ারে দাখিলপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকরণের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনাসহ সকল কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি সকল প্রমানক সংরক্ষণ ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সদস্য সচিব এ বিষয়ে মাঠ পর্যায়ের কার্যালয়গুলো হতে প্রাপ্ত ১ম কোয়ার্টারের (০১ জুলাই হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত সময়ের) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

৩। সভার বিস্তারিত আলোচনা শেষে বার্ষিক কর্মকসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর সকল সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন এবং লক্ষ্যমাত্রা অর্জনের চেকলিস্ট অনুযায়ী প্রমানক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| **কার্যক্রম** | **কর্মসম্পাদন সূচক** | লক্ষ্যমাত্রা | **১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত)) অর্জন** | **প্রমাণক প্রেরণের চেকলিস্ট** | **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ** |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **(১.১) সেমিনার/ওয়ার্কশপ আয়োজন** | **১.১.১ জেলা, উপজেলা পর্যায়ে মাদকবিরোধী ওয়ার্কশপ আয়োজন।** | ৮০ | ৬৫ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে বিভাগীয় কার্যালয় কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয়ে ওয়ার্কসপ আয়োজনের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট, ব্যানারসহ অংশগ্রহণকারীদের ছবি-১টি, সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইটে আপলোডকৃত স্কিনসট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | **১.১.২ জেলা, উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সেমিনার আয়োজন।** | ৪০ | ০১ | নিরোধ শিক্ষা অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে বিভাগীয় কার্যালয় কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয়ে মাদকবিরোধী সেমিনার আয়োজনের তারিখ ও স্থান উল্লেখপূর্বক জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট, সেমিনার আয়োজনের অফিস আদেশ, ব্যানারসহ অংশগ্রহণকারীদের ছবি-১টি, সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইটে আপলোডকৃত স্কিনসট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| **(১.২) শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, ক্লাব ও এনজিও এর মাধ্যমে মাদকবিরোধী প্রচারণামুলক কার্যক্রম** | **১.২.১ শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে প্রশিক্ষক/মেন্টর তৈরী।** | ১২০০ | ১৫ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। প্রতিবেদনের সাথে শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী প্রশিক্ষক/মেন্টর এর নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বরসহ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয়ভিত্তিক তালিকা এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | ১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত)) অর্জন | প্রমাণক প্রেরণের চেকলিস্ট | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| পরিচালনা। | ১.২.২ শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী আলোচনা সভা। | ২০০ | ৪৮ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। প্রতিবেদনের সাথে শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী আলোনচনা সভা আয়োজনের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১.২.৩ শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী শ্রেণি বক্তৃতা | ৩০০ | ৮৫ | শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী শ্রেণি বক্তৃতা আয়োজনের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয়ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১.২.৪ ধর্মীয় প্রতিষ্ঠান, ক্লাব, এনজিও ও সামাজিক সংগঠণের মাধ্যমে মাদকবিরোধী আলোচনা সভা ও শর্ট ফিল্ম প্রদর্শন | ৫০০ | ১৫ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। মাদকবিরোধী আলোচনা সভা ও শর্ট ফিল্ম প্রদর্শন সংক্রান্ত প্রতিষ্ঠানের নাম, আয়োজনের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ১.৩ সোস্যাল মিডিয়া/প্রিন্ট মিডিয়া/ইলেকট্রনিক মিডিয়াসহ অন্যান্য মিডিয়ায় মাদকবিরোধী প্রচার কার্যক্রম | ১.৩.১ ফেসবুক ও ইউটিউবের মাধ্যমে মাদকের কুফল সম্বলিত তথ্যের ফিচার এবং টিভিসি প্রচার। | ১২০ | ০০ | নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত মাদকের কুফল সম্বলিত তথ্যের ফিচার এবং টিভিসি অধিদপ্তরের ফেসবুক ও ইউটিউবের মাধ্যমে প্রচারের উদ্যোগ গ্রহণ করবেন সিস্টেম এনালিস্ট। তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী এ সংক্রান্ত প্রমাণক সংরক্ষণ করবেন এবং প্রতি ত্রৈমাসিকে প্রশাসন অধিশাখায় সরবরাহ করবেন। | পরিচালক (নিরোধ শিক্ষা)/সিস্টেম এনালিস্ট |
| | (১.৩.২) প্রিন্ট মিডিয়ায় মাদকবিরোধী বিজ্ঞাপন ও ফিচার ইত্যাদি প্রচার। | ৬০ | ০২ | নিরোধ শিক্ষা অধিশাখার স্বাক্ষরিত টপসীট। প্রিন্ট মিডিয়ায় মাদকবিরোধী বিজ্ঞাপন ও ফিচার ইত্যাদি প্রচার সংশ্লিষ্ট অফিস আদেশ/পত্র। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (১.৩.৩) ইলেকট্রনিক মিডিয়ায় মাদকবিরোধী বিজ্ঞাপন, টিভিসি/ টকশো/ টিভি স্ক্রল প্রচার। | ৬০ | ০০ | নিরোধ শিক্ষা অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনের সাথে ইলেকট্রনিক মিডিয়ায় মাদকবিরোধী বিজ্ঞাপন, টিভিসি/ টকশো/ টিভি স্ক্রল ইত্যাদি প্রচার সংশ্লিষ্ট ইলেকট্রনিক মিডিয়ার নাম, প্রচারের তারিখ ও শিরোনাম সম্বলিত টপশীট এবং স্কিনশট/ছায়ালিপি। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ১.৪ মাদকবিরোধী অন্যান্য কার্যক্রম | (১.৪.১) মাদকবিরোধি কার্যক্রম জোরদারকরণে উপজেলাভিত্তিক কমিউনিটি ভলান্টিয়ার টিম গঠন। | ১৩০ | ০৩ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। প্রতিবেদনের সাথে উপজেলা ভিত্তিক কমিউনিটি ভলান্টিয়ার টীম গঠন সংক্রান্ত অফিস আদেশ/পত্র, সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১.৪.২ কারাগারসমূহে কারাবন্ধিদের মাঝে মাদক বিরোধী প্রচারণামূলক কার্যক্রম | ৬৪ | ০৪ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। প্রতিবেদনের সাথে কারাগারসমূহে কারাবন্দিদের মাঝে মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রমের অফিস আদেশ/পত্র, তারিখ ও কারাগারের নাম উল্লেখসহ করাবন্দীদের অংশগ্রহণের ছবি-১টি, সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | ১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত)) অর্জন | প্রমাণক প্রেরণের চেকলিস্ট | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১.৫ মাদক বিরোধী স্লোগান সম্বলিত উপকরণ প্রস্তুতকরণ ও বিতরণ | ১.৫.১ মাদক বিরোধী স্লোগান সম্বলিত কলম, খাতা, স্কেল ও জ্যামিতি বক্স বিতরণ | ৭০,০০০ | ১৪৩২৭ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার বরাদ্দপত্রসহ প্রতিবেদন। প্রতিবেদনে মাদকবিরোধী স্লোগান সম্বলিত কলম, খাতা, স্কেল ও জ্যামিতি বক্স বিতরণের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১.৫.২ মাদক বিরোধী স্লোগান সম্বলিত জীবানুনাশক হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, টি-শার্ট, টিস্যু বক্স, ব্যাগ, মগ ও ছাতা বিতরণ | ৫০,০০০ | ৪৩৪৯ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার বরাদ্দপত্রসহ প্রতিবেদন। প্রতিবেদনে মাদকবিরোধী স্লোগান সম্বলিত জীবানুনাশক হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, টি-শার্ট, টিস্যু বক্স, ব্যাগ, মগ ও ছাতা বিতরণের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | ১.৫.৩ মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট, ক্যালেন্ডার, পোস্টার, স্টীকার, ফোল্ডার ইত্যাদি মুদ্রণ ও বিতরণ | ৩৫,০০০ | ১৪৩৮৫ | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখার বরাদ্দপত্রসহ প্রতিবেদন। প্রতিবেদনে মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট, ক্যালেন্ডার, পোস্টার, স্টীকার, ফোল্ডার ইত্যাদি বিতরণের তারিখ ও স্থান উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (২.১) মাদকবিরোধী অভিযান পরিচালনা | (২.১.১) পরিচালিত মাদকবিরোধী অভিযান ও টহল | ৭০,০০০ | ৭৯০৫ | জেলা/কার্যালয় ভিত্তিক অভিযান পরিচালনার পরিসংখ্যান সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয়ভিত্তিক টপশীট এবং অপারেশনস্ অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (অপারেশনস্)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (২.১.২) মাদক অপরাধ দমনমূলক আন্ত:সংস্থা সমন্বয় সভা | ৪ | ০০ | কোন কোন সংস্থার সাথে সভা অনুষ্ঠিত হয়েছে তার টপসীটসহ সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণীসহ অপারেশনস্ অধিশাখার স্বাক্ষরিত প্রতিবেদন। | পরিচালক (অপারেশনস্) |
| | (২.১.৩) সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্ট স্থাপিত | ৮১৬ | ২৬০ | অপারেশনস্ অধিশাখার পরিসংখ্যানসহ প্রতিবেদন। প্রতিবেদনের সাথে সীমান্তবর্তী ৩২টি জেলাসহ অন্যান্য স্থানে অস্থায়ী চেকপোস্টের মাধ্যমে পরিচালিত কার্যক্রম/ পরিসংখ্যান সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক তার আওতাধীন জেলা/কার্যালয় ভিত্তিক টপশীট এবং অপারেশনস্ অধিশাখা কর্তৃক প্রস্তুতকৃত (স্বাক্ষরিত) জেলা/কার্যালয় ও বিভাগ ভিত্তিক তালিকার টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (অপারেশনস্)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (২.১.৪) কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন | ১২ | ০২ (জুলাই/২২-রাজশাহী/খুলনা) | কুরিয়ার সার্ভিসসমূহের কার্যক্রম মনিটরিংয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম, মনিটরিং/পরিদর্শনের তারিখ উল্লেখসহ অপারেশনস্ অধিশাখার স্বাক্ষরিত পরিসংখ্যানসহ প্রতিবেদন। | পরিচালক (অপারেশনস্) |
| (২.২) মামলার তদন্ত প্রতিবেদন দাখিল | (২.২.১) মাদকদ্রব্য সংক্রান্ত অভিযোগে রুজুকৃত মামলার তদন্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে (৩০ দিনে) দাখিল | ৬০ | ৬৮.৩২% | মামলা দায়েরের পরিসংখ্যান এবং শতকরা হার নির্ধারন সংক্রান্ত অপারেশনস্ অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে জেলা/কার্যালয় ভিত্তিক ও বিভাগ ভিত্তিক পরিসংখ্যান এবং শতকরা হার নিম্নরূপ ছকে উল্লেখ করতে হবে।<br>ক্র: নং \| পেন্ডিং মামলার সংখ্যা \| ৩০ দিনে তদন্ত সম্পন্নকৃত মামলা সংখ্যা \| শতকরা হার (%) | পরিচালক (অপারেশনস্)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | ১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত)) অর্জন | প্রমাণক প্রেরণের চেকলিস্ট | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| (২.৩) গোয়েন্দা নজরদারী বৃদ্ধির মাধ্যমে অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদ পূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা সভা অনুষ্ঠান | (২.৩.১) অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা হালনাগাদ পূর্বক আহবানকৃত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | ৪ | ০০ | সভা অনুষ্ঠানের নোটিশ। | পরিচালক (অপারেশনস্) |
| (৩.১) মাদকাসক্ত ব্যক্তিকে চিকিৎসা ও কাউন্সিলিং সেবা প্রদান | (৩.১.১) সরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | ১৫৫০০ | ১০৭২ | চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে বিভাগ ভিত্তিক প্রতিফলন উল্লেখ থাকতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (৩.১.২) সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত ব্যক্তিকে প্রদানকৃত কাউন্সিলিং সেবা | ৯০০০ | ১১১৮ | চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে জেলা/কার্যালয় ভিত্তিক ও বিভাগ ভিত্তিক প্রতিফলন উল্লেখ থাকতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (৩.১.৩) বেসরকারি নিরাময় কেন্দ্রে চিকিৎসা প্রদানকৃত মাদকাসক্ত ব্যক্তি | ১৬৫০০ | ১৪৯৭ | চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে জেলা/কার্যালয় ভিত্তিক ও বিভাগ ভিত্তিক প্রতিফলন উল্লেখ থাকতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | (৩.১.৪) সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে নিরাপত্তা নিশ্চিত করনের জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন। | ৩০০ | ১৯৬ | চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে জেলা/কার্যালয় ভিত্তিক ও বিভাগ ভিত্তিক প্রতিফলন উল্লেখ থাকতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| (৪.১) প্রশিক্ষণ প্রদান/গ্রহণ | (৪.১.১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীন সরকারি ও নিবন্ধিত বেসরকারি নিরাময় কেন্দ্রে সেবা প্রদানকারী এবং অন্যান্য স্টেক হোল্ডারদের প্রদত্ত ইকো ট্রেনিং | ২২০ | ০০ | প্রশিক্ষণে মনোনয়নের অফিস আদেশ এবং চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনে প্রশিক্ষণ আয়োজনের তারিখ, শিরোনাম, প্রশিক্ষণের স্থান/ভেন্যু ও সংখ্যা উল্লেখপূর্বক টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট |
| | (৪.১.২) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সারদা পুলিশ/ সিআইডি'র ফরেনসিক ল্যাব/ মিরপুর পুলিশ স্টাফ কলেজসহ অন্যান্য প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণ গ্রহণ | ২৫০ | ১১ | প্রশিক্ষণে মনোনয়নের অফিস আদেশ এবং কমনসার্ভিস শাখার প্রতিবেদন। প্রতিবেদনে প্রশিক্ষণ আয়োজনের তারিখ, শিরোনাম, প্রশিক্ষণের স্থান/ভেন্যু, প্রশিক্ষণার্থীগণের শ্রেণী/গ্রেড ও সংখ্যা উল্লেখপূর্বক টপসীট দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কমনস সার্ভিস) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | ১ম ত্রৈমাসিক (০১ জুলাই ২০২২ হতে ৩১ জুলাই ২০২২ পর্যন্ত)) অর্জন | প্রমাণক প্রেরণের চেকলিস্ট | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| **(৪.২) প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিকরণ** | **(৪.২.১) 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমি নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ** | ১৫.০৫.২৩ | - | উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের অফিস আদেশ/পত্রসহ সংক্ষিপ্ত বিবরণ দাখিল করবেন। | পরিচালক (প্রশাসন)/উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উপন্নয়ন) |
| | **(৪.২.২) সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদান** | ১৫.৫.২৩ | এ লক্ষ্যে ৩০/০৬/২২ ও ০১/০৭/২২ তারিখ পত্রিকায় বিজ্ঞাপন দেয়া করা হয়েছে। | চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখার প্রতিবেদন। প্রতিবেদনের সাথে সভা অনুষ্ঠানের অফিস আদেশ, কার্যবিবরণী, চেক বিতরণের অফিস আদেশ ও ছবি দিতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| | **(৫.১.১) মাসিক বুলেটিন প্রকাশ ও বিতরণ** | ১২ | ১ (জুলাই-২২) | নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রকাশিত মাসিক বুলেটিন এর ছায়ালিপি, বিতরণের পত্র এবং ওয়েবসাইটে প্রকাশের স্কিনসট দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | **(৫.১.২) বার্ষিক ড্রাগ রিপোর্ট প্রকাশ ও বিতরণ** | ১২০০ | ১২০০ (০৪/০৭/২২) | নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রকাশিত বার্ষিক ড্রাগ রপোর্টের এর ছায়ালিপি, বিতরণের পত্র এবং ওয়েবসাইটে প্রকাশের স্কিনসট দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | **(৫.১.৩) মাদকবিরোধী স্যুভেনির প্রকাশ ও বিতরণ** | ২০০০ | ২০০০ (০৪/০৭/২২) | নিরোধ শিক্ষা অধিশাখা কর্তৃক প্রকাশিত মাদকবিরোধী স্যুভেনির এর ছায়ালিপি, বিতরণের পত্র এবং ওয়েবসাইটে প্রকাশের স্কিনসট দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |
| | **(৫.১.৪) মাদকের বিষয়ে পরিচালিত ০১টি গবেষণা কার্যক্রম সম্পন্নকরণ** | ১ ১১/০৬/২৩ | - | নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা কর্তৃক পরিচালিত গবেষণা কার্যক্রমের প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৮/২২

(কাজী আবেদ হোসেন)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
ও
এপিএ টীম লিডার।

নথি নং-৫৮.০২.০০০০.০০৫.১৬.০৩২.১৯- ৫৩৫৬

তারিখ: ১০ ভাদ্র, ১৪২৯
২৫ আগস্ট, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ/মাদক অনুবিভাগ)]।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় (সকল)/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। উপপরিচালক (..................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..................।
৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
১০। সহকারী পরিচালক (.....................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................।
১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস কপি।

২৫/০৮/২২

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)।

গ্রহণ করা হইল।